

# সমকাল

## বুয়েটে ভর্তির আবেদন শুরু ১৫ এপ্রিল

প্রকাশ: ১০ এপ্রিল ২১ | ২২:৩৯

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



ফাইল ছবি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২০-২১ শিক্ষাবর্ষে স্নাতক ভর্তি পরীক্ষার আবেদন শুরু হচ্ছে ১৫ এপ্রিল। সেদিন থেকে অনলাইনে আবেদন শুরু হয়ে চলবে ২৪ এপ্রিল পর্যন্ত।

এবার দুই ধাপে ভর্তি পরীক্ষা হবে ৩১ মে ও ১ জুন। ৫ জুন মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নাম প্রকাশ করা হবে। আগামী ১০ জুন মূল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শনিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মহামারির কারণে জেএসসি ও এসএসসির গড় ফলের ভিত্তিতে এইচএসসি পরীক্ষার মূল্যায়ন করায় ভর্তির পদ্ধতিতে পরিবর্তন আনা হয়েছে। যোগ্যদের বাছাই করতে দুই ধাপে পরীক্ষা নেওয়া হবে।

এবার মোট আসন সংখ্যা এক হাজার ২১৫। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে তা অনলাইনে সাবমিট করতে হবে।

---

© সমকাল ২০০৫ - ২০২২

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com